“শেখ হাসিনার দর্শন, সব মানুষের উন্নয়ন”

**বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ**

ই-১২/এ, আগারগাঁও, ডাক বাক্স নং-২৪০, ঢাকা-১২০৭।

ফোন : ৮৮-০২-২২২২১৮৪৬২
ফ্যাক্স : ৮৮-০২-২২২২১৮২১৫
ই-মেইল : info@baera.gov.bd
ওয়েবসাইট : www.baera.gov.bd

# তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রচারপত্র

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সংবিধান অনুসারে প্রজাতন্ত্রের সকল ক্ষমতার মালিক জনগণ। জনগণের ক্ষমতায়নের জন্য তথ্য অধিকার নিশ্চিত করার লক্ষ্যে তথ্য অধিকার আইন ২০০৯ বলবৎ হয়েছে। বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ একটি নির্ভরযোগ্য নিয়ন্ত্রণমূলক ব্যবস্থা প্রতিষ্ঠার মাধ্যমে পরমাণু শক্তির নিরাপদ ও শান্তিপূর্ণ ব্যবহারের ক্ষেত্রে দীর্ঘমেয়াদি নিয়ন্ত্রণ, সুরক্ষা ও স্থিতিশীলতা নিশ্চিতকরণের বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রম ও কর্মকৌশল গ্রহণ করেছে। তথ্য অধিকার আইন ২০০৯ এর আওতায় দেশের নাগরিকদের বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের সকল কর্মকান্ড সম্পর্কে তথ্য প্রাপ্তির আইনগত ভিত্তি তৈরি হয়েছে। এর পরিপ্রেক্ষিতে বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের বিভিন্ন কার্যক্রম সম্পর্কিত তথ্য জানা ও প্রাপ্তির সুবিধার্থে এই প্রচারপত্র প্রণয়ন করা হয়েছে।

বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের ক্ষেত্রে **“তথ্য”** অর্থে বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের গঠন, কাঠামো ও দাপ্তরিক কর্মকান্ড সংক্রান্ত যে কোন স্মারক, বই, নকশা, মানচিত্র, চুক্তি, তথ্য- উপাত্ত, লগ বই, আদেশ, বিজ্ঞপ্তি, দলিল, নমুনা, পত্র, প্রতিবেদন, হিসাব বিবরণী, প্রকল্প প্রস্তাব, আলোকচিত্র, অডিও, ভিডিও, অঙ্কিত চিত্র, ফিল্ম, ইলেক্ট্রনিক প্রক্রিয়ায় প্রস্তুতকৃত যে কোন ইনস্ট্রুমেন্ট, যান্ত্রিকভাবে পাঠযোগ্য দলিলাদি এবং ভৌতিক গঠন ও বৈশিষ্ট্য নির্বিশেষে অন্য যে কোন তথ্যবহ বস্তু বা এইসকলের প্রতিলিপিও অন্তর্ভুক্ত হবে। তবে শর্ত থাকে যে, দাপ্তরিক নোট সিট বা নোট সিটের প্রতিলিপি এর অন্তর্ভুক্ত হবে না।

**তথ্যের ধরন এবং ধরন অনুসারে তথ্য প্রকাশ ও প্রদান পদ্ধতি:**
বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের সমুদয় তথ্য নিম্নোক্ত ৩টি শ্রেণিতে ভাগ করা হয়েছে এবং নির্ধারিত বিধান অনুসারে প্রদান, প্রচার বা প্রকাশ করা হবে:

**ক) স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্য:**

১। বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (বাপশনিক) এর সাংগঠনিক কাঠামো;
২। বাপশনিক কর্তৃক প্রণীত আইন, নীতিমালা, বিধিমালা, প্রবিধানমালা ইত্যাদি;
৩। বাপশনিক এর ভিশন, মিশন ও কার্যাবলী;
৪। কর্মকর্তা/কর্মচারীদের তালিকা ও যোগাযোগের নম্বর;
৫। কর্মকর্তা/কর্মচারীদের দায়িত্বাবলী;
৬। প্রতিবেদন ও প্রকাশনা;
৭। তথ্য অধিকার আইনের আওতায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের নাম, ঠিকানা ও ফোন নম্বর;
৮। আপিল কর্তৃপক্ষের নাম, ঠিকানা ও ফোন নম্বর;
৯। বিভিন্ন বিষয়ের ফোকালপয়েন্ট-এর নাম, ঠিকানা ও ফোন নম্বর;
১০। বাপশনিক এর বিভিন্ন কমিটি সংক্রান্ত তথ্য;
১১। গুরুত্বপূর্ণ সভার সিদ্ধান্তাসমূহ;
১২। সকল প্রকার নোটিশ, বিজ্ঞপ্তি ও প্রজ্ঞাপন;
১৩। সিটিজেনস্ চার্টার;
১৪। বিদেশ ভ্রমন সংক্রান্ত তথ্য;
১৫। উন্নয়ন প্রকল্প ও কর্মসূচি সংক্রান্ত তথ্য
১৬। বার্ষিক ক্রয় পরিকল্পনা;
১৭। টেন্ডার বিজ্ঞপ্তি ও প্রেস বিজ্ঞপ্তি।

এ ধরনের তথ্য চেয়ে কোন নাগরিক আবেদন করলে তখন তা চাহিদার ভিত্তিতে প্রদানযোগ্য তথ্য হিসেবে বিবেচিত হবে এবং দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নির্ধারিত পন্থায় আবেদনকারীকে তা প্রদান করবেন।

**খ) চাহিদার ভিত্তিতে প্রদানযোগ্য তথ্যে:**

১। স্বপ্রণোদিতভাবে প্রকাশিত সকল তথ্য;
২। বিভিন্ন নীতি ;
৩। কর্তৃপক্ষের বাজেট;
৪। আর্থিক তথ্য, যেমন-আয়/ব্যয় সংক্রান্ত হিসাব বিবরণী ;
৫। অডিট রিপোর্ট (জবাবসহ) ;
৬। ক্রয় কার্যক্রম সংক্রান্ত তথ্য (সিদ্ধান্ত গ্রহণের পর) ;
৭। অডিও-ভিজুয়াল ডকুমেন্ট;
৮। নিয়োগ/বদলির আদেশ ;
৯। প্রদান বাধ্যতামূলক নয় এমন তথ্য ব্যতীত অন্য সকল তথ্য।

এ ধরনের তথ্য কোনো নাগরিকের আবেদনের প্রেক্ষিতে তথ্য অবমুক্তকরণ নির্দেশিকার ৭.০ ও ৮.০ অনুচ্ছেদে বর্ণিত পদ্ধতি অনুসরণ করে প্রদান করা হবে।

**গ) প্রদান ও প্রকাশ বাধ্যতামূলক নয়, এমন তথ্য:**

১। তথ্য অধিকার আইন ২০০৯ এর ৭ ধারায় উল্লেখিত তথ্য;
২। বাপশনিক কর্তৃক গোপনীয় সিদ্ধান্ত নির্দেশনা/ অনুশাসন;
৩। কেপিআই ভুক্ত স্থাপনাসমূহের নিরাপত্তা সংক্রান্ত তথ্য;
৪। কর্মী ও উপকারভোগীর ব্যক্তিগত জীবনের গোপনীয়তা ক্ষুণ্ন হয় এরূপ তথ্য;
৫। বিচারাধীন মামলার তথ্য যা ঐ মামলার সুষ্ঠু বিচারকার্যকে ব্যাহত করতে পারে এরূপ তথ্য;
৬। তদন্তাধীন বিষয় সংশ্লিষ্ট কোনো তথ্য, যার প্রকাশ তদন্তকাজে বিঘ্ন ঘটাতে পারে;
৭। কোনো ক্রয় কার্যক্রমের বিষয়ে সিদ্ধান্ত নেয়ার আগে সংশ্লিষ্ট ক্রয় বা এর কার্যক্রম সংক্রান্ত কোনো তথ্য;
৮। কোন বিদেশী সরকারের নিকট থেকে প্রাপ্ত কোন গোপনীয় তথ্য;
৯। পরীক্ষার প্রশ্নপত্র বা পরীক্ষার প্রদত্ত নম্বর সম্পর্কিত আগাম তথ্য।

**বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ**

ই-১২/এ, আগারগাঁও, ডাক বাক্স নং-২৪০, ঢাকা-১২০৭।

ফোন : ৮৮-০২-২২২২১৮৪৬২
ফ্যাক্স : ৮৮-০২-২২২২১৮২১৫
ই-মেইল : info@baera.gov.bd
ওয়েবসাইট : www.baera.gov.bd

# তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রচারপত্র

### বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের রূপকল্প (Vision)

একটি নির্ভরযোগ্য নিয়ন্ত্রণমূলক ব্যবস্থা প্রতিষ্ঠার মাধ্যমে বাংলাদেশে পরমাণু শক্তির নিরাপদ ও শান্তিপূর্ণ ব্যবহারের ক্ষেত্রে দীর্ঘমেয়াদি নিয়ন্ত্রণ, সুরক্ষা ও স্থিতিশীলতা নিশ্চিতকরণ।

### অভিলক্ষ্য (Mission)

জনসাধারণ এবং বিকিরণ কর্মীদের জীবন ও স্বাস্থ্য সুরক্ষা এবং পরিবেশে বিকিরণের বিরূপ প্রতিক্রিয়া নিয়ন্ত্রণের নিমিত্ত নিরাপত্তা, সিকিউরিটি, বিকিরণ সুরক্ষা ও সেফগার্ডস্ সংশ্লিষ্ট নিউক্লীয় নিয়ন্ত্রণমূলক কর্মসূচীর যথাযথ প্রতিপালন।

### কার্যাবলি (আইন/বিধি দ্বারা নির্ধারিত কার্যাবলি)

১. দেশে নিউক্লীয় নিরাপত্তা ও বিকিরণ সুরক্ষার জন্য বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ আইন, ২০১২ এবং তদাধীন প্রণীত বিধিমালা ও প্রবিধানমালার পরিপূর্ণ বাস্তবায়ন;
২. বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ আইন, ২০১২ এর ধারা-১৮ অনুযায়ী সকল ধরনের নিউক্লীয় ও বিকিরণ স্থাপনা এবং নিউক্লীয় ও তেজস্ক্রীয় পদার্থ এবং এদের বর্জ্য ও বিকিরণ উৎপন্নকারী যন্ত্রপাতির অনুমোদন প্রদান, অব্যাহতি প্রদান, স্থগিত এবং বাতিলকরণ;
৩. আয়নায়নকারী বিকিরণ এর সম্ভাব্য ঝুঁকির বিষয়ে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে অংশীজনদের সাথে সভা, সেমিনার ও কর্মশালার আয়োজন এবং ইলেক্ট্রনিক, প্রিন্টমিডিয়া ও ইন্টারনেটের মাধ্যমে তথ্য প্রদান ও পরামর্শ;
৪. নিউক্লীয় ও বিকিরণ স্থাপনাসহ সকল নিউক্লীয় ও তেজস্ক্রীয় পদার্থের ভৌত সুরক্ষা, সেফগার্ডস্ এবং অবৈধ পাচারসহ নিউক্লীয় ও বিকিরণ নিরাপত্তা ও রেডিওলজিক্যাল জরুরী ব্যবস্থা সম্পর্কিত আন্তর্জাতিক চুক্তি, এগ্রিমেন্ট, প্রটোকল ও কনভেনশন বাস্তবায়ন সম্পর্কিত কার্যক্রম পরিচালনা;
৫. নিউক্লীয় ও বিকিরণ নিরাপত্তা বিষয়ে বিদেশী নিউক্লীয় নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ এবং আন্তর্জাতিক সংস্থা ও এজেন্সীর সাথে পারস্পরিক যোগাযোগ ও সহযোগিতা এবং
৬. কর্মকর্তা/কর্মচারীদের জন্য মানবসম্পদ উন্নয়ন, প্রশিক্ষণ কর্মসূচী গ্রহণ ও পরিচালনা।

## তথ্য অধিকার আইন ২০০৯ এর ধারা ১০ (১) অনুসারে বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা

### দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা:

| দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম ও পদবি | ফোন, মোবাইল, ফ্যাক্স, ই-মেইল | যোগাযোগের ঠিকানা |
|---|---|---|
| মোঃ আফছার উদ্দিন<br>মুখ্য প্রশাসনিক কর্মকর্তা | মোবাইলঃ ০১৬৮৩৮৫৭১৫২, ০১৯২১৬৯৯৪৭৩<br>ফোনঃ ৮৮০-২২২২২১৮২৪০<br>ফ্যাক্স: ৮৮-০২-২২২২১৮২১৫<br>ই-মেইল: auddin@baera.gov.bd | বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ<br>ই-১২/এ, আগারগাঁও, ডাক বাক্স নং-২৪০,<br>ঢাকা-১২০৭। |

### বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা:

| দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম ও পদবি | ফোন, মোবাইল, ফ্যাক্স, ই-মেইল | যোগাযোগের ঠিকানা |
|---|---|---|
| আইয়ুব আলী সেক,<br>প্রশাসনিক কর্মকর্তা | মোবাইলঃ ০১৩১২২৩১৯৩৩ ,<br>ফোনঃ ৮৮০-২২২২২১৮২৪৩,<br>ফ্যাক্স: ৮৮-০২-২২২২১৮২১৫<br>ই-মেইল: pstochair@baera.gov.bd | বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ<br>ই-১২/এ, আগারগাঁও, ডাক বাক্স নং-২৪০,<br>ঢাকা-১২০৭। |

“শেখ হাসিনার দর্শন, সব মানুষের উন্নয়ন”
বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
ই-১২/এ, আগারগাঁও, ডাক বাক্স নং-২৪০, ঢাকা-১২০৭।

ফোন : ৮৮-০২-২২২২১৮৪৬২
ফ্যাক্স : ৮৮-০২-২২২২১৮২১৫
ই-মেইল : info@baera.gov.bd
ওয়েবসাইট : www.baera.gov.bd

# তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রচারপত্র

## তথ্যের জন্য আবেদন, তথ্য প্রদানের পদ্ধতি ও সময়সীমা

(১) কোন ব্যক্তি তথআ, ২০০৯-এর অধীন তথ্য প্রাপ্তি জন্য সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার কাছে নির্ধারিত ফরম ‘ক’ এর মাধ্যমে তথ্য চেয়ে লিখিতভাবে বা ইলেক্ট্রনিক মাধ্যমে বা ই-মেইলে অনুরোধ করতে পারবেন;

(২) নির্ধারিত ফরম সহজলভ্য না হলে অনুরোধকারীর নাম, ঠিকানা, প্রযোজ্য ক্ষেত্রে ফ্যাক্স নম্বর এবং ই-মেইল; অনুরোধকৃত তথ্যের নির্ভুল এবং স্পষ্ট বর্ণনা এবং কোন পদ্ধতিতে তথ্য পেতে আগ্রহী তার বর্ণনা উল্লেখ করে সাদা কাগজে বা ক্ষেত্রমতে ইলেক্ট্রনিক মিডিয়া বা ই-মেইলে তথ্য প্রাপ্তির জন্য অনুরোধ করতে পারবেন;

(৩) দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা তথ্যের জন্য কোন অনুরোধ প্রাপ্তির তারিখ হতে অনধিক ২০ (বিশ) কার্য দিবসের মধ্যে অনুরোধকৃত তথ্য সরবরাহ করবেন;

(৪) অনুরোধকৃত তথ্যের সাথে একাধিক তথ্য প্রদান ইউনিট/সংস্থা বা কর্তৃপক্ষের সংশ্লিষ্টতা থাকলে অনধিক ৩০ (ত্রিশ) কার্য দিবসের মধ্যে সেই অনুরোধকৃত তথ্য সরবরাহ করতে হবে;

(৫) অনুরোধকৃত তথ্য কোন ব্যক্তির জীবন সম্পর্কিত হলে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা অনুরোধ প্রাপ্তির অনধিক ২৪ (চব্বিশ ঘন্টার মধ্যে উক্ত বিষয়ে প্রাথমিক তথ্য সরবরাহ করবেন;

(৬) দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা লিখিতভাবে অথবা ক্ষেত্রমতে ইলেক্ট্রনিক মাধ্যম বা ই-মেইল এর মাধ্যমে আবেদন পত্র গ্রহণের প্রাপ্তি স্বীকার করবেন এবং প্রাপ্তি স্বীকারপত্রে আবেদনের রেফারেন্স নম্বর, আবেদনপত্র গ্রহণকারীর নাম, পদমর্যাদা এবং আবেদন গ্রহণের তারিখ উল্লেখ করে স্বাক্ষর করবেন;

(৭) ইলেক্ট্রনিক বা ই-মেইল এর মাধ্যমে আবেদন গ্রহণের ক্ষেত্রে কর্তৃপক্ষের বরাবর আবেদন প্রেরণের তারিখই (প্রাপ্তি সাপেক্ষে) আবেদন গ্রহণের তারিখ হিসেবে গণ্য হবে;

(৮) আবেদন পাওয়ার পর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা তথ্য প্রদানের তারিখ এবং সময় উল্লেখপূর্বক আবেদনকারীকে সে সম্পর্কে অবহিত করবেন এবং অনুরোধকৃত তথ্যের সাথে একাধিক তথ্য প্রদান সংস্থা বা কর্তৃপক্ষের সংশ্লিষ্টতা থাকলে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সেই সংস্থা বা কর্তৃপক্ষকে এ সম্পর্কে লিখিত নোটিশ প্রদান করবেন;

(৯) দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কোন কারণে অনুরোধকৃত তথ্য প্রাদনে অপারগ অথবা আংশিক তথ্য সরবরাহে অপারগ হলে অপারগতার কারণ উল্লেখ করে আবেদন প্রাপ্তির ১০ (দশ) কার্য দিবসের মধ্যে তথবি, ২০০৯-এর তফসিলে উল্লেখিত ফরম- ‘খ’ অনুযায়ী এতদবিষয়ে আবেদনকারীকে অবহিত করবেন;

(১০) উপ-অনুচ্ছেদ (৩), (৪) বা (৫) এ উল্লেখিত সময়সীমার মধ্যে তথ্য সরবরাহ করতে কোন দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার ব্যর্থ হলে সংশ্লিষ্ট তথ্য প্রাপ্তির অনুরোধ প্রত্যাখ্যান করা হয়েছে বলে গণ্য হবে;

(১১) অনুরোধকৃত তথ্য প্রদান বা দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট যথাযথ বিবেচিত হলে এবং যেক্ষেত্রে সেই তথ্য তৃতীয় পক্ষ কর্তৃক সরবরাহ করা হয়েছে কিংবা সেই তথ্য তৃতীয় পক্ষের স্বার্থ জড়িত রয়েছে এবং তৃতীয় পক্ষ তা গোপনীয় তথ্য হিসেবে গণ্য করেছে সে ক্ষেত্রে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এরূপ অনুরোধ প্রাপ্তির ৫ (পাঁচ) কার্য দিবসের মধ্যে তৃতীয় পক্ষকে তার লিখিত বা মৌখিক মতামত চেয়ে নোটিশ প্রদান করবেন এবং তৃতীয় পক্ষ এরূপ নোটিশের প্রেক্ষিতে কোন মতামত প্রদান করলে তা বিবেচনায় নিয়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা অনুরোধকারীকে তথ্য প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করবেন;

(১২) কোন ইন্দ্রিয় প্রতিবন্ধী ব্যক্তিকে কোন রেকর্ড বা তার অংশবিশেষ জানানোর প্রয়োজন হলে সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সেই প্রতিবন্ধী ব্যক্তিকে তথ্য লাভে সহায়তা প্রদান করবেন এবং পরিদর্শনের জন্য যে ধরনের সহযোগিতা প্রয়োজন তা প্রদান করাও এ সহায়তার অন্তর্ভুক্ত বলে গণ্য হবে;

(১৩) আইনের অধীন প্রদত্ত তথ্যের প্রতি পৃষ্ঠায় “তথ্য অধিকার আইন, ২০০৯-এর অধীনে এ তথ্য সরবরাহ করা হয়েছে” মর্মে প্রত্যয়ন করতে হবে এবং তাতে প্রত্যয়নকারী কর্মকর্তার নাম, পদবী, স্বাক্ষর ও দাপ্তরিক সীল থাকবে।

“শেখ হাসিনার দর্শন, সব মানুষের উন্নয়ন”
**বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ**
ই-১২/এ, আগারগাঁও, ডাক বাক্স নং-২৪০, ঢাকা-১২০৭।

ফোন : ৮৮-০২-২২২২১৮৪৬২
ফ্যাক্স : ৮৮-০২-২২২২১৮২১৫
ই-মেইল : info@baera.gov.bd
ওয়েবসাইট : www.baera.gov.bd

# তথ্য প্রাপ্তির আবেদন ফরম (ফরম ‘ক’)

## ফরম ‘ক’

**তথ্য প্রাপ্তির আবেদনপত্র**

**[তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালার বিধি- ৩ দ্রষ্টব্য]**

বরাবর
............................................,
............................................ (নাম ও পদবী)
ও
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা,
............................................ (দপ্তরের নাম ও ঠিকানা)

| | | |
|---|---|---|
| ১। | আবেদনকারীর নাম | :.............................................. |
| | পিতার নাম | :.............................................. |
| | মাতার নাম | :.............................................. |
| | বর্তমান ঠিকানা | :.............................................. |
| | স্থায়ী ঠিকানা | :.............................................. |
| | ফ্যাক্স, ই-মেইল, টেলিফোন ও মোবাইল ফোন নম্বর (যদি থাকে): | :.............................................. |
| ২। | কি ধরনের তথ্য* (প্রয়োজনে অতিরিক্ত কাগজ ব্যবহার করুন) | :.............................................. |
| ৩। | কোন পদ্ধতিতে তথ্য পেতে আগ্রহী (ছাপানো/ ফটোকপি/ লিখিত/ ই-মেইল/ ফ্যাক্স/ সিডি অথবা অন্য কোন পদ্ধতি) | :.............................................. |
| ৪। | তথ্য গ্রহণকারীর নাম ও ঠিকানা। | :.............................................. |
| ৫। | প্রযোজ্য ক্ষেত্রে সহায়তাকারীর নাম ও ঠিকানা | :.............................................. |

______________________
আবেদনকারীর স্বাক্ষর

আবেদনের তারিখ: ..........................................................

* তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯-এর ৮ ধারা অনুযায়ী তথ্যের মূল্য পরিশোধযোগ্য।

“শেখ হাসিনার দর্শন, সব মানুষের উন্নয়ন”

# বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

ই-১২/এ, আগারগাঁও, ডাক বাক্স নং-২৪০, ঢাকা-১২০৭।

ফোন : ৮৮-০২-২২২২১৮৪৬২
ফ্যাক্স : ৮৮-০২-২২২২১৮২১৫
ই-মেইল : info@baera.gov.bd
ওয়েবসাইট : www.baera.gov.bd

## তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রচারপত্র




**পারমাণবিক নিরাপত্তা ও বিকিরণ নিয়ন্ত্রণ বিধিমালা ১৯৯৭ এর বিধি ১০.২ অনুযায়ি লাইসেন্সের শ্রেণীবিভাগ:**

‘ক’ শ্রেণী - তেজস্ক্রিয় পদার্থ প্রস্তুতকরণ, ব্যবসায়, উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ, ক্রয়, স্বত্বাধিকার অর্জন, দখল, স্থানান্তর, হ্যান্ডলিং, বিক্রয়, মজুত এর জন্য লাইসেন্স;

‘খ’ শ্রেণী - পারমাণবিক পদার্থ প্রস্তুতকরণ, ব্যবসায়, উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ, ক্রয়, স্বত্বাধিকার অর্জন, দখল, স্থানান্তর, হ্যান্ডলিং, বিক্রয়, মজুত এর জন্য লাইসেন্স;

‘গ’ শ্রেণী - বিকিরণকারী যন্ত্রপাতি প্রস্তুতকরণ, ব্যবসায়, উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ, ক্রয়, স্বত্বাধিকার অর্জন, দখল, স্থানান্তর, হ্যান্ডলিং, বিক্রয়, মজুত এর জন্য লাইসেন্স;

‘ঘ’ শ্রেণী - তেজস্ক্রিয় পদার্থ, পারমাণবিক পদার্থ, নির্ধারিত বস্তু এবং উহাদের বর্জ্য পরিবহনের জন্য লাইসেন্স;

‘ঙ’ শ্রেণী - তেজস্ক্রিয় পদার্থ, পারমাণবিক পদার্থ, নির্ধারিত বস্তু এবং উহাদের বর্জ্য রপ্তানী অথবা আমদানীর জন্য লাইসেন্স;

‘চ’ শ্রেণী - কোন পারমাণবিক রিয়্যাক্টরের স্থান নির্ধারণ, প্রারম্ভিক পরিচালন অথবা পূর্ণ পরিচালনের জন্য লাইসেন্স;

‘ছ’ শ্রেণী -

(১) তেজস্ক্রিয় পদার্থ, পারমাণবিক পদার্থ এবং নির্ধারিত বস্তু এবং উহাদের বর্জ্য ডিসপোজাল (Disposal); এবং

(২) চূর্ণকরণ স্থাপনা, পারমাণবিক স্থাপনা, বিকিরণকারী স্থাপনা, আবদ্ধ উৎসের স্থাপনা, অথবা বর্জ্য প্রক্রিয়াকরণ স্থাপনা গুটাইয়া ফেলিবার জন্য লাইসেন্স; এবং

‘জ’ শ্রেণী - ‘ক’ হইতে ‘ছ’ শ্রেণীর লাইসেন্সের আওতায় পড়ে না এইরূপ অন্য যে কোন কর্মকান্ড অথবা উৎসের জন্য লাইসেন্স।

বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের সেবা সংক্রান্ত তথ্য, বিভন্ন প্রকার লাইসেন্স ফি ও অন্যান্য তথ্য প্রাপ্তির জন্য ভিজিট করুন: www.baera.gov.bd

**প্রচারে: বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ**

ই-১২/এ, আগারগাঁও, ডাক বাক্স নং-২৪০, ঢাকা-১২০৭।

ফোন: ৮৮-০২-২২২২১৮৪৬২; ফ্যাক্স: ৮৮-০২-২২২২১৮২১৫

ইমেইল: info@baera.gov.bd; ওয়েবসাইট: www.baera.gov.bd